গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৭ অধিশাখা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৯ জুন ২০২২ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক "বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধণ (ঢাকা-ময়মনসিংহ বিভাগ) কর্মসূচী"-বাস্তবায়নের লক্ষ্যে ৫০০ (পাঁচশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণ চুক্তি এবং Clean Technology Fund (CTF) হতে ১৫ (পনের) মিলিয়ন মার্কিন ডলারের অনুদান চুক্তি বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ্ ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং বিশ্বব্যাংকের পক্ষে Ms. Dandan Chen, Acting Country Director, Bangladesh and Bhutan, The World Bank, Dhaka office ঋণ ও অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন।

"বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধণ (ঢাকা-ময়মনসিংহ বিভাগ) কর্মসূচী" ০১ জানুয়ারি ২০২২ হতে ৩১ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তাবায়িত হবে। উল্লেখ্য, আলোচ্য প্রকল্পের জন্য ৫০০ (পাঁচশত) মিলিয়ন মার্কিন ডলার ঋণ বিশ্বব্যাংক কর্তৃক IDA-19 Scale Up Window (SUW) তহবিল হতে প্রদান করা হবে। উক্ত ঋণের সুদের হার হবে 6 month Libor plus the Variable Spread, Service Charge: 0.25% front-end fee, Commitment Charge: 0.25% এবং প্রস্তাবিত ঋণটি ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ৩৫ বছরে পরিশোধযোগ্য।

"বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধণ (ঢাকা-ময়মনসিংহ বিভাগ) কর্মসূচী"-এর উদ্দেশ্য হলো বাংলাদেশে গ্রামীণ বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধিকরণ। প্রকল্প বাস্তবায়িত হলে গ্রাহকদের সাশ্রয়ী মূল্যে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় নির্ভরযোগ্যতা অর্জন এবং বিদ্যুতের যথাযথ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে।

বিশ্বব্যাংক বাংলাদেশের জন্য সর্ববৃহৎ বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী সংস্থা। ১৯৭২ সালে সদস্যপদ লাভের পর হতে বিশ্বব্যাংক বাংলাদেশের উন্নয়নে বিদ্যুৎ, স্বাস্থ্য, শিক্ষা, আভ্যন্তরীণ যোগাযোগ, আঞ্চলিক ও বৈশ্বিক সমন্বয়, নগরায়ন এবং ডেল্টা ব্যবস্থাপনা খাতে ঋণ সহায়তা দিয়ে আসছে। বাংলাদেশের এ পর্যন্ত মোট বৈদেশিক অর্থায়নের শতকরা প্রায় ২৯ ভাগ অর্থ সহায়তা বিশ্বব্যাংক হতে এসেছে।

২৯/০৬/2022

(রোকেয়া খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৪৮১১৯৮৭৪
ই-মেইল: wb7@erd.gov.bd